

২০১৯-২০ শিক্ষাবর্ষের 'ইউনিট-৩' ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত



১৪ সেপ্টেম্বর-২০১৯, শনিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের চার বছর মেয়াদী বিবিএ ১ম বর্ষ 'ইউনিট-৩' (বাণিজ্য শাখা) এর লিখিত ভর্তি পরীক্ষা দুটি শিফটে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবনে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়। ১ম শিফট (সকাল: ১০:০০টা থেকে ১১:৩০টা) এ জোড় সংখ্যার রোল নম্বরধারী পরীক্ষার্থী এবং ২য় শিফট (বিকাল ৩:০০টা থেকে ০৪:৩০টা পর্যন্ত)-এ বিজোড় সংখ্যার রোল নম্বরধারী পরীক্ষার্থীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। উল্লেখ্য, ইউনিট-৩ এর ৬১০টি আসনের বিপরীতে সর্বমোট ২০,৩০৭জন পরীক্ষার্থী লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য মনোনীত হয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান পরীক্ষার হল পরিদর্শন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন। 'ইউনিট-৩' এর ভর্তি পরীক্ষার ফলাফল শীঘ্রই প্রকাশ করা হবে। ফলাফল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে।